

Telephone Conversation between Foreign Secretary and Secretary General, European External Action Service, European Union

November 16, 2021

বিদেশ সচিব এবং ইউরোপীয় ইউনিয়নের ইউরোপিয়ান এক্সটার্নাল অ্যাকশন সার্ভিসের মহাসচিবের মধ্যে টেলিফোনে কথোপকথন

নভেম্বর 16, 2021

ইউরোপীয় ইউনিয়নের ইউরোপিয়ান এক্সটার্নাল অ্যাকশন সার্ভিস(ইইএএস)-এর মহাসচিব শ্রীযুক্ত স্টেফানো স্যান্নিনোর সাথে বিদেশ সচিব, হর্ষবর্ধন শৃঙ্গলার টেলিফোনে বাক্যালাপ হয়েছে।

2. তারা আফগানিস্তানের উন্নয়ন এবং অগ্রাধিকারের বিষয়ে অভিন্ন পন্থা নিয়ে আলোচনা করেছেন। উভয় পক্ষই আফগানিস্তানকে সন্ত্রাসবাদের ঘাঁটি হবার থেকে প্রতিরোধ করার গুরুত্ব এবং আফগানিস্তানের নারী, শিশু এবং সংখ্যালঘুদের অধিকারের অবস্থার উপরে জোর দিয়েছেন। আফগানিস্তানের উপরে সাম্প্রতিক কালে আয়োজিত দিল্লি আঞ্চলিক সুরক্ষা আলোচনা এবং দিল্লি ঘোষণাপত্র নিয়েও আলোচনা করা হয়েছে।

3. বিদেশ সচিব এবং মহাসচিব মায়ানমারের ঘটনাবলী নিয়েও নিজেদের মধ্যে মত বিনিময় করেছেন। বেলারুস-পোল্যান্ড সীমান্তে যে পরিস্থিতি চলছে তা নিয়েও তারা আলোচনা করেছেন। উভয় পক্ষই পরিস্থিতির গতি হ্রাস করার প্রয়োজনীয়তা এবং দ্রুত সমাধানে উপনীত হবার জন্য সহমত প্রকাশ করেছেন।

4. পারস্পরিক স্বার্থের বিষয়গুলি নিয়ে বিদেশ সচিব এবং মহা সচিব স্তরে পর্যায়ক্রমিকভাবে মত বিনিময়কে চালিয়ে যাবার জন্য সহমত প্রকাশ করা হয়েছে।

নিউ দিল্লি

নভেম্বর 16, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.